Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে পৌষ বুধবার ১৩৬৩ ইংরাজী 9th Jan. 1957 { ৩৬শ সংখ্যা





হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ২১শে জানুয়ারী ১৯৫৭

১৯৫৪ সালের ডিক্রীজারী

২ মনি ডিঃ রমণীমোহন কবিরাজ দেং সরোজমোহন মজুমদার দাবি ৩৭১৸৶৩ থানা সুতী মৌজে জগতাই ৩-২৮ শতকের কাত ৮।২ পাই মধ্যে অর্দ্ধেক আঃ ১০০৲ খং ৩৪৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

২০০ খাং ডিঃ রাজবাই বর্ম্মণ্যা দেং মদন সরকার ষ্টেটের এক্সিকিউ-টি্রক্স চারুশীলা দাসী দিং দাবি ২৬৸০ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ১৮-৬০ শতকের কাত ৪৭৲ আঃ ১০৲ খং ২০৭

২০২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২।৴০ মৌজাদি ঐ ৭৬ শতকের কাত ৩৸০ আঃ ৫৲ খং ২১৬

২ ৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৷০ মৌজাদি ঐ ২-১১ শতকের কাত ৭৸১ আঃ ১০৲ খং ২১১

২০৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১।৴৩ পাই মৌজাদি ঐ ৬০ শতকের কাত ॥৴৬ আঃ ৫৲ খং ২০৮

২০৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১।৴০ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ॥৫ আঃ ৫৲ খং ২১০

২ ৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১॥৩ পাই মৌজাদি ঐ ৪০ শতকের কাত ১৶৯ আঃ ৫৲ খং ২০৯

২১০ খাং ডিঃ শকুন্তলা দেবী দেং ঐ দাবি ১১৷৬ পাই থানা ঐ মৌজে ঈশ্বরবাটী ৫০ শতকের কাত ১।০ আঃ ৫৲ খং ৪৮

১৮৫ খাং ডিঃ মাসুমা খাতুন সাহেবা দেং উমাপতি মুখোপাধ্যায় দাবি ৫২৸৶৯ পাই থানা সাগরদীঘি মৌজে বুজরুক দেবগ্রাম ৮৬ শতকের কাত ৪৲ আঃ ২৫৲ খং ১১২

১৮৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৩।৫৬ পাই মৌজাদি ঐ ১-৫১ শতকের কাত ৬৲ আঃ ৩৫৲ খং ৬২

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৫শে পৌষ বুধবার সন ১৩৬৩ সাল।

# পঞ্চশীল

—০—

ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহেরু সমগ্র বিশ্বে যুদ্ধ বিগ্রহ বন্ধ করিয়া বিশ্ব শান্তি স্থাপনের যে অমোঘ পন্থার প্রচার করিতে বদ্ধপরিকর হইয়াছেন সেই **পঞ্চশীল** কি তাহা অন্বেষণ করিয়া অনুজোপম গ্রন্থকীট দুর্নামের (?) যোগ্য ব্যক্তির পুস্তকাগারে সহজেই প্রাপ্ত হইয়া আমাদের পাঠকগণের গোচরে আনিবার সুযোগ পাইয়াছি।

তাঁহার নিকট চাহিয়াছিলাম **পঞ্চশীল** তিনি (১) পঞ্চশীল (২) অষ্টশীল (৩) দশশীল প্রদান করিয়া তাঁহার সঞ্চয়শীলতার পরিচয় দিয়াছেন। শীল—চরিত্র অর্থাৎ স্বভাব। বৌদ্ধযুগে গৃহীরা প্রত্যহ **পঞ্চশীল** এবং উপোসথ (উপবাস) দিনে **অষ্টশীল** পালন করিয়া চলিতেন। শ্রামণেয়গণ (ভিক্ষু সন্নাসীগণ) চিরদিনই **দশশীল** রক্ষা করিয়া চলিতেন।

পঞ্চশীল—(১) প্রাণাতিপাত (প্রাণী হত্যা) (২) অদত্যাদান=অদত্ত+আদান (চৌর্য্য) (৩) কায়ে মিথ্যাচরণ (৪) মৃষাবাদ (মিথ্যা কথন) (৫) সুরাপান এই পঞ্চবিধ পাপ হইতে বিরতির নাম পঞ্চশীল।

অষ্টশীল—পঞ্চশীলের পাঁচটি পাপ (৬) বিকাল ভোজন (অসময়ে আহার) (৭) নৃত্যাদি দর্শন (৮) মাল্য-গন্ধানুলেপন এবং উচ্চাসনে ও মহার্ঘাসনে (বহুমূল্য আসনে) শয়ন এই অষ্টবিধ পাপ হইতে বিরতির নাম অষ্টশীল।

দশশীল—উল্লিখিত আটটী (৯) অর্থাদান (১০) স্বর্ণ রৌপ্যাদি গ্রহণ এই দশবিধ পাপ হইতে বিরতির নাম দশশীল।

পঞ্চশীলের কথিত এক পাপ সুরাপান। গত ৬ই জানুয়ারী লক্ষীবাঈ নগরে যে ৬২তম কংগ্রেস অধিবেশন অনুষ্ঠিত হইল তাহাতে এই সুরাপান কি ভাবে আত্মরক্ষা করিয়া পঞ্চশীলের এক শীল চূর্ণ করিতে সক্ষম হইয়াছে তাহা নিম্নে প্রদত্ত হইল।

## সমগ্র ভারতে মাদকবিরোধী আইন

### চালু করা সম্ভব নয় বলিয়া শ্রীনেহরুর মন্তব্য

লক্ষীবাঈনগর ৬ই জানুয়ারী—

ভারতের সর্ব্বত্র অবিলম্বে মাদক নিরোধ আইন চালু করার জন্য উথাপিত এক সংশোধনী প্রস্তাবের বিরুদ্ধে শ্রীনেহরু মত প্রকাশ করেন। তিনি বলেন শুধু কাগজে লিখিয়া আইন করিলেই কাজ হয় না। বিভিন্ন রাজ্যের অবস্থার মধ্যে পার্থক্য আছে। উপজাতীয়দের মধ্যে এই আইন চালু করা যাইবে না এবং তাহা করিতেও চাহি না।

## কংগ্রেসের জনপ্রিয়তা সম্বন্ধে মতভেদ

### শ্রীডেবর ও শ্রীত্যাগীর মধ্যে বচসা

লক্ষ্মীবাঈনগর, ৫ই জানুয়ারী—আজ সকালে কংগ্রেস অধিবেশনে আগত প্রতিনিধিদের এক বেসরকারী বৈঠকে কংগ্রেস সভাপতি শ্রীডেবরের সহিত কেন্দ্রীয় দেশরক্ষা মন্ত্রী শ্রীমহাবীর ত্যাগীর মধ্যে তুমুল বচসা হইয়া যায়। শ্রীত্যাগী নাকি সমবেত প্রতিনিধিদের সমক্ষে মন্তব্য করেন যে, কংগ্রেস সংগঠন প্রকৃতপক্ষে খুবই দুর্ব্বল। দেশবাসী শ্রীনেহরুকে ভালবাসে বলিয়াই কংগ্রেসকে ভোট দেয়।

কংগ্রেস সভাপতি শ্রীডেবর ইহার বিরুদ্ধে প্রতিবাদ জানাইয়া বলেন যে, কংগ্রেসের সাংগঠনিক মূল্য নিরূপণ করিতে গিয়া শ্রীত্যাগী ভুল করিয়াছেন। এ কথা নিঃসন্দেহে বলা যায় যে, কংগ্রেসের সাংগঠনিক ভিত্তি খুবই শক্তিশালী। জনসাধারণ তাঁহাদের স্বার্থ কোথায় তাহা বুঝেন। শ্রীনেহরুর ব্যক্তিগত জনপ্রিয়তার যথেষ্ট গুরুত্ব রহিয়াছে কিন্তু তা ছাড়াও সংগঠন হিসাবেও কংগ্রেস প্রতিষ্ঠান কম গুরুত্বপূর্ণ নহে।

শ্রীনেহরু এই সময় নিঃশব্দে তাঁহার ব্যক্তিত্ব সম্পর্কিত বাকবিতণ্ডা শুনিতেছিলেন।

মহাত্মাজী কংগ্রেসের ।০ চারি আনার মেম্বর না থাকিয়াও ছিলেন কংগ্রেস। বর্ত্তমানে ঠিক হিসাবে যোগ দিলে ফল হইবে—কংগ্রেস মানে নেহরুজী।

## শ্রীনেহরুর নির্ব্বাচনী অভিযান

### অন্যান্য বারের ন্যায় এবার সম্ভব নয়

লক্ষ্মীবাঈনগর, ৫ই জানুয়ারী—শ্রীনেহরু নাকি কংগ্রেস প্রতিনিধিদের গোপন বৈঠকে জানাইয়া দিয়াছেন যে, অন্যান্য বারের ন্যায় আগামী সাধারণ নির্ব্বাচনের সময় সারা দেশব্যাপী কোন প্রচার অভিযানে বাহির হওয়া তাঁহার পক্ষে সম্ভব হইবে না। কারণ জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে এমন কিছু কাজ আছে যার ফলে তাঁহাকে রাজধানীতেই ব্যস্ত থাকিতে হইবে।

গতবারের নির্ব্বাচনে পশ্চিমবঙ্গে সফর ও ভাষণ দিয়া ফল বড় ভাল হয় নাই। সাতটি মন্ত্রী "পপাত ধরণী তলে" হইয়াছিলেন। ২টি নাছোড়বান্দা কম্পার্টমেন্টাল পাশ করার মত **M. L. A.** স্থলে **M. L. C.** হইয়া খিড়কী দিয়া প্রবেশ ও মন্ত্রীর পদ অধিকারের সুযোগ পাইয়াছিলেন।

---

## পুনর্বাসন মন্ত্রী

গত ৬ই জানুয়ারী পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন মন্ত্রী শ্রীমতী রেণুকা রায় নিমতিতা ও ধুসরীপাড়া কলোনী পরিদর্শন করিবার জন্য যাওয়ার সময় কিছুক্ষণ রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে অপেক্ষা করেন। ঐ সময়ে স্থানীয় উদ্বাস্তগণ নিজেদের অভাব অভি-যোগের কথা তাঁহাকে জানান।

---

## সন্ধ্যায় চুরি

গত ২৩শে পৌষ সোমবার সন্ধ্যা ৬॥০ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ চাউলপটীর পার্শ্ববর্ত্তী গলিতে স্থানীয় সিনেমার অপারেটর শ্রীপঙ্কজকুমার শর্ম্মা বিশ্বাস মহাশয়ের বাসার প্রাচীর ডিঙ্গাইয়া ঘরের তালা ভাঙ্গিয়া নগদ ৪৫০৲ টাকা, একটী ষ্টোভ, একটী ঘড়ি ও একটী ব্যাঞ্জো বাদ্যযন্ত্র চোরে লইয়া গিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## কনেষ্টবলের কর্ত্তব্যপরায়ণতা

গত ৬ই জানুয়ারী রবিবার রঘুনাথগঞ্জ ফেরীঘাটে রঘুনাথগঞ্জ ফাঁড়ির কনেষ্টবল শ্রীসুবোধকুমার মালী ॥৯ উনত্রিশ সের গাঁজা সহ পাঁচ জন মহিলা ও একজন পুরুষ চোরাকারবারীকে গ্রেপ্তার করিয়া থানায় লইয়া যান। গাঁজার মূল্য প্রায় আট হাজার টাকা। চোরাকারবারী দল কনেষ্টবলকে মোটা টাকা ঘুষ দিবার প্রলোভন দেখায়, কিন্তু তিনি তাহা গ্রহণ করেন নাই। আসামীগণ হাজতে আছে।

গত বৎসর ঠিক এই সময়ে শ্রীমালী রাণাঘাটে প্রাকাকালীন দশ বস্তা সুপারী সহ এক দুর্দ্ধর্ষ চোরাকারবারীকে গ্রেপ্তার করিয়াছিলেন। ঐ সংবাদ গত ১৩ই জানুয়ারী, ১৯৫৬ তারিখের "আনন্দবাজার পত্রিকায়" প্রকাশিত হইয়াছিল।

গত ২৪শে ডিসেম্বর, ১৯৫৬ তারিখে শ্রীমালী রঘুনাথগঞ্জ গাড়ী পারাপারের ঘাটে প্রহরারত ছিলেন। ঐ দিন অষ্ট্রীয়ান কন্‌সাল্ এই পথে যাইবার সময় তাঁর মোটর গাড়ীখানি বিগড়াইয়া যায়। শ্রীমালী তাঁহাকে মহকুমা পুলিশ অফিসারের নিকট লইয়া যান। মহকুমা পুলিশ অফিসার কন্‌সালের যাওয়ার ব্যবস্থা করেন বলিয়া প্রকাশ।

---

## জরুরী ঘোষণা

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী উপলক্ষে জঙ্গীপুর মহাবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আগামী ২৩শে জানুয়ারী ম্যাকেঞ্জী পার্ক মাঠে অনুষ্ঠিত হইবে। অন্যান্য বিভিন্ন প্রতিযোগিতার মধ্যে নিম্নলিখিত প্রতিযোগিতায় যে কেহ অংশ গ্রহণ করিতে পারেন :—

১। (৪ × ১০০) মিটার দলগত দৌড়।
২। ১৬০০ মিটার সাইকেল চালান।
৩। বহুরূপী।

প্রতিযোগীদের নাম আগামী ১৭ই জানুয়ারীর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট অবশ্যই পৌঁছাইতে হইবে।

শ্রীসূর্য্যনারায়ণ ঘোষাল, ক্রীড়া সম্পাদক
ছাত্র সংসদ, জঙ্গীপুর মহাবিদ্যালয়।

---

## বৃষ্টি

বুধবার সকাল হইতে বর্ষাকালের মত প্রচণ্ড মেঘগর্জ্জন সহ প্রবল বারিপাত আরম্ভ হয়। স্থানে স্থানে শিলাবৃষ্টি ও বজ্রপাত হইয়াছে। শীতকালে প্রবল বারিপাতে ধান, খড় ও রবি শস্যের বিশেষ ক্ষতি হইয়াছে। কৃষকগণ মাঠে কাজ করিতে পারে নাই।

---

## টেণ্ডার চাই

জঙ্গীপুর কলেজ হোষ্টেলের নূতন ব্লক তৈয়ারীর জন্য কার্য্যের মজুরী দরের টেণ্ডার ১৮ই জানুয়ারীর মধ্যে শীলমোহর করিয়া কলেজ অফিসে জমা দিতে হইবে।

কার্য্যের বিস্তৃত বিবরণ কলেজ অফিসে ৯ই জানুয়ারী হইতে জানিতে পারা যাইবে।

৩।১।৫৭ সম্পাদক, জঙ্গীপুর কলেজ

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ২১শে জানুয়ারী ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

১৮৮ থাং ডিঃ মাশুমা খাতুন সাহেবা দেং উমাপতি মুখোপাধ্যায় দাবি ২০২৻৩ পাই থানা সাগরদীঘি মৌজে বুজরুক দেবগ্রাম ৯-৬ শতকের কাত ৩২৸৯ আঃ ১৭৫৲ খং ১০৮

১৮৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৯৶৩ পাই মৌজাদি ঐ ৮৭ শতকের কাত ৫৲ আঃ ৩০৲ খং ১১০

১৯৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৮৷৶০ মৌজাদি ঐ ৩-৮ শতকের কাত ১১॥৶১৫ আঃ ৬০৲ খং ৪২ অধীনস্থ খং ১৪২

১৮৭ থাং ডিঃ ঐ দেং জ্যোতির্ম্ময়ী দেবী দাবি ৫২৸৶৯ পাই মৌজাদি ঐ ১-৪৯ শতকের কাত ৭॥০ আঃ ৪০৲ খং ১২২

১৯০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬॥৵০ মৌজাদি ঐ ৬৫ শতকের কাত ২॥৵২ আঃ ১৫৲ খং ১০৫

১৯১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৶৬ পাই মৌজাদি ঐ ৩৫ শতকের কাত ১৸৵৯ আঃ ১০৲ খং ১:৯

---

## বিজ্ঞপ্তি

পাবলিক কেরিয়ার ও কন্‌ট্রাক্ট ক্যারেজ পারমিটের জন্য আবেদনকারীদের একটি তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষের এবং এই জেলার প্রান্তীয় মহকুমা অফিসগুলির নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোন বক্তব্য থাকিলে তাহা এই নোটিশ প্রকাশের ত্রিশ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করিতে হইবে। স্বাঃ পি, রায় চৌধুরী, সচিব, আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষ, মুর্শিদাবাদ।

---

## টেণ্ডার নোটিশ

কলেজ হোষ্টেল "ব্লক বি" নির্ম্মাণ কার্যের জন্য ১নং ইট ৬০,০০০ ( ষাট হাজার ) ও ২নং ইট ৪০,০০০ ( চল্লিশ হাজার )—মোট এক লক্ষ ইট আবশ্যক। স্থানীয় চলতি তামার রঙের ইটের মধ্যে যাহা সর্বোৎকৃষ্ট তাহা ১নং ইট ও তাহা হইতে সামান্য নীরেস ২নং ইট হোষ্টেল বাউণ্ডারীর ভিতর থাক লাগাইয়া সরবরাহ করার দর এবং ঝামা ইট ১৫,০০০ ( পনের হাজার ) পিকূট অর্থাৎ পৃথক পৃথক গুণিয়া লইতে পারা যায় এইরূপ ধরণের ঝামা ইট তামা রঙের ভাটা হইতে সরবরাহ করিবার দর টেণ্ডারদাতাগণ আগামী ২৫।১।৫৭ তারিখ বেলা ৩টার মধ্যে কলেজ অফিসে উপরিউক্ত দুই প্রকার ইট ও ঝামা ইটের নমুনা সহ শীলমোহর করা খামে টেণ্ডার দাখিল করিবার জন্য আহ্বান করা হইতেছে।

প্রকাশ থাকে যে ১নং ইট যাহা ভাঙ্গা হইবে তাহা ২নং ইট বলিয়া ধরা হইবে।

পিলা বা আমা নরম ইট একেবারেই লওয়া হইবে না। সরবরাহ করিলেও তাহা বাতিল করা হইবে এবং সরবরাহকারী তাহা নিজ খরচে ফেরত লইতে বাধ্য থাকিবেন। আবশ্যকবোধে ইটের ভাটা পর্যবেক্ষণ করা হইবে।

শ্রীপ্রিয়ভূষণ বণিক
৮।১।৫৭ সম্পাদক, জঙ্গীপুর কলেজ



"মুখের পানে চাহিনু অনিমেষে
বাজিল বুকে সুখের মত ব্যথা।
মেঘের মত গুচ্ছ কেশরাশি
শিথান ঢাকি পড়েছে ভারে ভারে"

সকল সময়ে, সব ঋতুতে
জবাকুসুম আপনার কেশ-সৌন্দর্য্য
বৃদ্ধি করতে নিশ্চয়ই সাহায্য
করবে।

## জবাকুসুম

কেশ তৈল

**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**

জবাকুসুম হাউস, ৩৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা-১২

১১৭, আর্মেনিআন ষ্ট্রীট, মাদ্রাজ-১

CKJ.3BE.56



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট. কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং

বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,

কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ--




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত